# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 26-03-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে বিধানসভা নির্বাচনের আগে এখনও পর্যন্ত ১৯ কোটি টাকা মূল্যে সামগ্রী ও নগদ অর্থ বাজেয়াপ্ত হয়েছে।

২) এসআইআর-এ পরবর্তী অতিরিক্ত তালিকা আগামীকাল শুক্রবার প্রকাশিত হতে পারে।

৩) সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘ ভাতা বা ডিএ মেটাতে রাজ্য অর্থ দফতরের তরফে একটি বিশেষ পোর্টাল চালু করা হয়েছে।

৪) আজ রাম নবমী। যথোচিত ধর্মীয় মর্যাদায় ভগবান শ্রীরামের আরাধনা চলছে। অষ্টমী তিথি থাকায় চলছে অন্নপূর্ণা পুজোও।

৫) গোটা রাজ্যেই আগামীকাল মাঝারি থেকে ভারি বৃষ্টির কমলা সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

--------------------------------------------------------------------------------

বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে রাজ্যে আদর্শ আচরণ বিধি কঠোরভাবে কার্যকর করছে নির্বাচন কমিশন। অবৈধ অর্থ ও প্রলোভন রুখতে নজরদারি বাড়ানোয় এ পর্যন্ত

নগদ টাকা, বিপুল পরিমাণ মদ, মাদকদ্রব্য, মূল্যবান ধাতু ও অন্যান্য সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। এর মূল্য প্রায় ১৯ কোটি টাকা বলে জানিয়েছে কমিশন।

বিএসএফ, সিআরপিএফ, রাজ্য পুলিশ ও কলকাতা পুলিশের শীর্ষ আধিকারিকদের সঙ্গে পৃথক বৈঠকেও নির্বাচন সংক্রান্ত প্রস্তুতি খতিয়ে দেখা হয়েছে।

----------------------

আসন্ন বিধানসভা নির্বাচনকে মাথায় রেখে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। চলছে নাকা চেকিং।

**দক্ষিণ ২৪ পরগণার** সাগর ব্লকের হরিণবাড়ি এলাকায় সকাল থেকেই বাইরে থেকে আসা প্রতিটি গাড়িতে তল্লাশি করা হচ্ছে। সন্দেহভাজনদের উপর বিশেষ নজরদারির পাশাপাশি এলাকায় চলছে রুট মার্চ।

**হাওড়ার** বাগনানে গতকাল বিপুল পরিমাণ গাঁজা সহ দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। জেলার বড়গাছিয়া সন্ধ্যা বাজার, ফিঙাগাছি বাঁধ এবং একব্বরপুর এলাকায় অভিযন চালিয়ে প্রায় ২৫০ লিটার বেআইনি মদ সহ ৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

**পুরুলিয়া** স্টেশনের ৩ নং প্ল্যাটফর্মে গতকাল, পরিত্যক্ত একটি ব্যাগ থেকে দু' কিলোগ্রামেরও বেশি গাঁজা উদ্ধার করেছে রেল পুলিশ।

জেলার বলরামপুর থানার একটি নাকা চেকপোস্ট থেকে কেন্দ্রীয় বাহিনী অভিযান চালিয়ে ৪ লক্ষ ৬০ হাজার ৯০০ টাকা নগদ উদ্ধার করে।

উত্তর ২৪ পরগণার হাড়োয়ায় কামারগাঁথি গ্রামে কানাইলাল সর্দারের বাড়ি থেকে একটি বন্দুক ও ৬ টি হাঁসুয়া উদ্ধার হয়েছে। ঘটনায় ঐ ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

----------------------

বিধানসভা নির্বাচনের প্রাক্কালে উত্তর ২৪ পরগণায় সীমান্ত নিরাপত্তায় বড়সড় সাফল্য পেল বিএসএফ। গতসন্ধ্যায় স্বরূপনগর থানার তারালি সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশের সময় এক দালালসহ দুই বাংলাদেশীকে আটক করেন জওয়ানরা। গোসাইপদ গাইন ও অঞ্জনা গাইন নামে ওই দুজন খুলনার বাসিন্দা । তাদের সীমান্ত পার করতে সাহায্য করা সর্পরাজপুর এলাকার দালাল আবু জাফর গাজীকেও পাকড়াও করা হয়েছে।

বিএসএফ সূত্রে জানা গেছে, মোটা টাকার বিনিময়ে ওই দম্পতিকে পারাপার করাচ্ছিল আবু জাফর। আজ সকালে ধৃত তিনজনকে স্বরূপনগর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ তাদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে দুপুরে বসিরহাট মহকুমা আদালতে তোলা হয়েছে।

-----------------------

রাজ্যে SIR প্রক্রিয়ায় বিবেচনাধীন তালিকায় থাকা নাম ঝাড়াইবাছাইয়ের কোরে পরবর্তী অতিরিক্ত তালিকা, আগামীকাল প্রকাশিত হওয়ার কথা। প্রায় ৬০ লক্ষ নামের মধ্যে ইতমধ্যেই ৩২ লক্ষের নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে প্রায় ৪০ শতাংশ নাম, বাদ গিয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে।

গত সোমবার প্রায় ১০ লক্ষ ভোটারের প্রথম সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হয়েছিল। যাঁদের নাম ই-সাইন প্রক্রিয়ার মাধ্যমে অনুমোদিত হয়েছে, তাঁদের নামই ওই তালিকায় রয়েছে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে প্রতিদিন তালিকা প্রকাশের অনুমতি চেয়ে কলকাতা হাইকোর্টে আবেদন জানানো হয়েছে। তবে আদালত জানিয়েছে, ২৭ মার্চের পর বিষয়টি বিবেচনা করা হবে।

-----------------------

রাজ্যের আলুচাষিদের বর্তমান দুর্দশার জন্য তৃণমূল কংগ্রেসকে দায়ী করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি তথা রাজ্যসভার সদস্য শমীক ভট্টাচার্য আজ এক সাংবাদিক সম্মেলনে বলেন, রাজ্য থেকে আলু রপ্তানির পথ বন্ধ করে দিয়েছে মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন রাজ্য সরকার। প্রতিবেশী রাজ্য ওড়িশা বাংলা থেকে আলুর যোগান না পেয়ে নিজেরাই আলু চাষে স্বয়ংসম্পূর্ণ হওয়ায় এ রাজ্যের আলুচাষিরা প্রবল সংকটের সম্মুখীন বলে দাবি করেন শমীক ভট্টাচার্য। অন্যদিকে, বেআইনিভাবে বিভিন্ন নদী থেকে বালি তুলে নেওয়ার কারণে নদীগুলি গতিপথ পরিবর্তন করেছে। যার ফলে চাষযোগ্য বহু জমি নদীতে তলিয়ে গেছে। এরফলে, ধানচাষের সঙ্গে যুক্ত কৃষকরা ক্ষতিগ্রস্ত হয়েছে।

-----------------------

ভোটের দামামা বেজে ওঠার সঙ্গে সঙ্গে জেলাগুলিতে শুরু হয়েছে প্রস্তুতি।
উত্তর চব্বিশ পরগনা জেলা, প্রতিটি নির্বাচনেই আকর্ষণের কেন্দ্রবিন্দুতে থাকে। আসন্ন বিধানসভা নির্বাচনও তার ব্যতিক্রম নয়।

এক নজরে দেখে নেওয়া যাক উত্তর ২৪ পরগণা জেলার ভোটচিত্র।

(ভিসি- পল্লব)

-----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী ২৯শে মার্চ রবিবার, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩২-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

-----------------------

সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘ ভাতা বা ডিএ মেটাতে রাজ্য অর্থ দফতরের তরফে একটি বিশেষ পোর্টাল চালু করা হয়েছে। ওই পোর্টালে সরকারি কর্মচারীরা নিজেদের বকেয়া ডিএ-র হিসাব আপলোড করতে শুরু করেছেন। আপাতত ২০১৬ সালের জানুয়ারি থেকে ২০১৯ সালের ডিসেম্বর পর্যন্ত বকেয়া ডিএ-র তথ্য সেখানে জমা নেওয়া হচ্ছে।

আগামী মঙ্গলবার, ৩১ মার্চ, অর্থবর্ষের শেষ দিনেই প্রথম কিস্তি মেটানোর সম্ভাবনা রয়েছে।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী ডিএ প্রদানের প্রক্রিয়া শুরুর আগে একটি মান্য কার্যবিধি (এসওপি) চালুর কথা বলা হয়েছিল। তবে এখনও পর্যন্ত এ বিষয়ে নবান্নের তরফে কোনও বিস্তারিত নির্দেশিকা প্রকাশ করা হয়নি।

-----------------------

দেশজুড়ে চিরাচরিত ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় আজ রামনবমী উদযাপিত হচ্ছে।

শ্রী রামচন্দ্রের জন্ম তিথির এই উৎসব, সকলকে সত্য ও ন্যায়ের পথে অবিচল থাকতে এবং কর্তব্যনিষ্ঠ হয়ে উঠতে শিক্ষা দেয়।

ইনসার্ট

রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী রামনবমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু রাম নবমী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছে। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি ভগবান রামের জীবনাদর্শের গুরুত্ব তুলে ধরেন। রাষ্ট্রপতি বলেন, তার জীবনাদর্শ ভারতীয় সংস্কৃতির ভিত্তি।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ ভগবান শ্রীরামকে ধৈর্য, আত্মত্যাগ এবং ন্যায়বিতারের প্রতীক হিসাবে বর্ণনা করেন। তিনি বলেন, রামের আদর্শ সামাজিক সম্প্রীতির পথে চলার জন্য দেশবাসীকে অনুপ্ররেণা যোগাবে।

সমাজমাধ্যমে একটি ভিটিও শেয়ার করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, মর্যাদা পুরষোত্তম রামের জীবন যেকোনো পরিস্থিতি পূর্ণ শক্তিতে মোকাবিলায় অনুপ্রেরণা জোগায়। ভগবান রাম শুধুমাত্র ভারতবাসীকেই নয়, সমগ্র মানব জাতিকেই পথ দেখান

এরাজ্যেও যথোচিত ধর্মীয় মর্যাদায় পালিত হচ্ছে রাম নবমীর উৎসব। হাওড়ার রামরাজাতলার ঐতিহ্যবাহী রামমন্দিরে পূজার্চনার আয়োজন করা হয়েছে। সকাল থেকেই মন্দিরে ভক্তদের ভিড়। এর আগে কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে অঞ্জনী পুত্র সেনার পক্ষ থেকে মিছিলের আয়োজন করা হয়।

কলকাতার নিউটাউনে আজ রামনবমী মিছিল শুরুর আগে পুলিশ বাধা দেওয়ায় সাময়িক উত্তেজনা ছড়ায়। সংশ্লিষ্ট বিধানসভার প্রার্থী পীযূষ কানোরিয়া সেখানে উপস্থিত ছিলেন। ভবানীপুরে এক বর্ণাঢ্য শোভাযাত্রায় অংশ নেন বিরোধী দলনেতা, বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারী। অসংখ্য মানুষ এই শোভাযাত্রায় অংশ নেন।

পশ্চিম মেদিনীপুরের ডেবরায় রাম নবমী উপলক্ষে বাইক র‍্যালিতে যোগ দেন বিজেপি নেতা দিলীপ ঘোষ।

মেদিনীপুরে হিন্দু যুব বাহিনীর উদ্যোগে গতরাতে ২২ ফুট দীর্ঘ রামচন্দ্রের পূর্ণাবায়ব মূর্তি নিয়ে এক বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। আজ শহরে প্রায় ২০ হাজার মোটর সাইকেল নিয়ে মোটর র‍্যালির আয়োজন করা হয়েছে।

পুরুলিয়ায় রামনবমীর মিছিল উপলক্ষে বিশাল মিছিলের আয়োজন করা হয়েছে। এলাকায় মোতায়েন রয়েছে পুলিশ ও আধা সামরিক বাহিনী।

এদিকে, চৈত্র মাসের শুক্লা অষ্টমী তিথিতে আজ অন্নপূর্ণা পূজোর আয়োজন করা হয়েছে। সন্ধ্যা পর্যন্ত থাকছে অষ্টমী তিথি। ধুমধামের সঙ্গে পারিবারিক পুজোর পাশাপাশি বারোয়ারি অন্নপূর্ণা পুজো চলছে। বেশি কিছু জায়গায় নবপত্রিকা স্নান ও কলস যাত্রারও আয়োজন করা হয়।

----------------------

রামনবমী উপলক্ষ্যে কোনরকম অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে রাজ্য প্রশাসনের তরফে যথাযথ বন্দোবস্ত করা হচ্ছে।

নবান্নে গতকাল মুখ্যসচিব দুষ্মন্ত নারিয়ালা, স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষ, রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা, কলকাতার পুলিশ কমিশনার অজয় নন্দ, সব

জেলাশাসক ও অন্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। আজ থেকে ২৯শে মার্চ পর্যন্ত জেলায় জেলায় মিছিল হওয়ার কথা।

হাওড়া, চন্দননগর এবং ইসলামপুরে বিশেষ সতর্কতা নেওয়া হচ্ছে। জেলাগুলিতে মোতায়েন থাকবে বিরাট সংখ্যক পুলিশ বাহিনী। এছাড়াও প্রয়োজন পড়লে CRPF-এর সাহায্য নেওয়া হবে। শোভাযাত্রার ক্ষেত্রে কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে চলতে বলা হয়েছে। অস্ত্র নিয়ে মিছিল না করার ব্যাপারে সতর্ক করার পাশাপাশি, ৫০০-র বেশী মানুষ শোভাযাত্রায় সামিল হতে পারবেন না।

রামনবমী উপলক্ষে কলকাতা পুলিশ আজ ও আগামীকাল, শহরের বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করবে। আজ বেলা বারোটা থেকে রাত ১২ টা পর্যন্ত এবং আগামীকাল সকাল ছ'টা থেকে রাত আটটা পর্যন্ত কলকাতা পুলিশের আওতাযধীন সব থানা এলাকায় অত্যাবশ্যকীয় ছাড়া অন্যান্য পণ্যবাহী গাড়ি চলাচল বন্ধ থাকছে।

-----------------------

উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি কালিম্পং এবং দক্ষিণবঙ্গের পশ্চিমের জেলাগুলিতে আজ হালকা ঝড় জলের সম্ভাবনা রয়েছে। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় আজ সারা দিন শুষ্ক আবহাওয়া থাকলেও বিকেলের পর মেঘলা আকাশ এবং কোথাও কোথাও হালকা বৃষ্টির সম্ভাবনা আছে। তবে আগামীকাল উত্তরবঙ্গের উত্তরের প্রায় সব জেলায় এবং দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলাতেই বজ্র বিদ্যুৎ এবং দমকা হাওয়া সহ মাঝারি থেকে ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। দার্জিলিং এবং কালিম্পং জেলাতে রয়েছে শিলাবৃষ্টিরও পূর্বাভাস। গত ২৪ ঘণ্টায় জলপাইগুড়ির গুড হোপ এলাকায় সর্বাধিক ৫০ মিলিমিটারের বেশি বৃষ্টি হয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন

তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে এক দশমিক ৭ ডিগ্রি বেশি।

-----------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'প্রাকৃতিক চাষে এগিয়ে আসছেন কৃষকরা' ।

এই নিয়ে হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্রের কৃষি সম্প্রসারণ বিভাগের বিষয়বস্তু বিশেষজ্ঞ ডক্টর সৈকত সাহার সঙ্গে কথা বলেছেন দিব্য দে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি প্রচারতরঙ্গ, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

----------------------- -----------------------